



উপজেলা পরিক্রমা বালিয়াকান্দি

রাজবাড়ী: ১৯ ডিসেম্বর (সংবাদদাতা)।— রাজবাড়ী জেলা সদর থেকে প্রায় ১২ মাইল পশ্চিমে অবস্থিত উপজেলা বালিয়াকান্দি চন্দনা নদীর তীরে অবস্থিত। এর আয়তন ৯০.৭৫ বর্গমাইল (নদীনালাসহ) মোট লোকসংখ্যা ১৪৬৯৭৪ জন। এর মধ্যে পুরুষ ৬৭১৬১ জন এবং মহিলা ৬৩৮১৩ জন।

কৃষিবালিয়াকান্দি উপজেলায় শতকরা ৮০ জন লোক কৃষিজীবী। তাঁতী, জেলে, কুমার, ব্যবসায়ী, পানচাষী, চাকুরীজীবীসহ অন্যান্য পেশার লোকও রয়েছে। এই উপজেলার কৃষি পণ্যের মধ্যে রয়েছে আখ, ধান, পাট, গম, ছোলা, মুসর, আলু ইত্যাদি। মোট আবাদী জমির পরিমাণ ৩৩৭৭৭ একর, অনাবাদী ৩৮১ একর। সেচ ব্যবস্থা অনুন্নত। গভীর নলকূপ ২০টি, অগভীর নলকূপ ১১৫টি, টিউবওয়েল ১০২৮টি।

শিক্ষা এই উপজেলায় শিক্ষিতের হার শতকরা ২৫ জন। এখানে একটিমাত্র বেসরকারী কলেজ রয়েছে। হাইস্কুল ১৪টি, জুনিয়র স্কুল ৪টি, সরকারী প্রাথমিক বিদ্যালয় ৫৭টি, বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ১৩টি, মাদ্রাসা মোট ২৩টি, এর মধ্যে দাখিল মাদ্রাসার সংখ্যা ৪টি বাকী সব এবতেদায়ী। অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানই জরাজীর্ণ। বালিয়াকান্দি দাখিল মাদ্রাসায় শিক্ষকের উপস্থিতির সংখ্যা খুবই কম হওয়ায় ছাত্রদের পড়াশুনায় ব্যাঘাত ঘটছে। চিকিৎসা উপজেলার একমাত্র স্বাস্থ্য কর্মপ্রকল্পটি বিভিন্ন সমস্যায় জর্জরিত। ৩১ শয্যাবিশিষ্ট এ হাসপাতালটি চালু হলেও জনসাধারণ এর সুফল থেকে বঞ্চিত।

প্রতিদিন গড়ে প্রায় ১০০ জন রোগী এখানে চিকিৎসার জন্য আসে কিন্তু আউট ডোরের দু'একটি ট্যাবলেট নিয়েই তাদেরকে ফিরে যেতে হয়। যোগাযোগ উপজেলা বালিয়াকান্দি একটি বাণিজ্যিক শহর হওয়া সত্ত্বেও এখানে যোগাযোগ ব্যবস্থা তেমন উন্নত নয়। জেলা সদরের সাথে যোগাযোগের একমাত্র রাস্তাটিরও বিভিন্ন স্থানে বড় বড় গর্ত সৃষ্টি হওয়ায় যাত্রীদেরকে জীবনের ঝুঁকি নিয়া চলাচল করতে হয়। এখানে মোট রাস্তার ১৫ মাইল পাকা, ১২ মাইল রেলপথ, নদীপথ ১২ মাইল এবং কাঁচা প্রায় ৭০ মাইল। তারবার্তার যোগাযোগ রক্ষার জন্য এখানে একটি মাত্র ম্যাগনেটো এক্সচেঞ্জ রয়েছে।

হাট-বাজার, বালিয়াকান্দি উপজেলার হাট-বাজারগুলোর প্রয়োজনীয় সংস্কার ও সম্প্রসারণের অভাবে বর্তমানে জরাজীর্ণ অবস্থায় আছে। বর্ষা মওসুমে এখানকার হাট-বাজারগুলোর মধ্যে এক হাট পানি ও কাদা জমে উঠে। বাজারগুলোর মধ্যে চলাচলের রাস্তাগুলো কাঁচা থাকায় ক্রেতা ও বিক্রেতা উভয়কেই দারুণ দুর্ভোগ পোহাতে হয়। ক্রেতা-বিক্রেতাদের জন্য পায়খানা ও প্রস্রাবের কোন ব্যবস্থা নেই। এই উপজেলায় ৬টি হাট ও ৫টি বাজার আছে।

বিদ্যুৎ শুধু মাত্র বালিয়াকান্দি শহরে বিদ্যুৎ ব্যবস্থা রয়েছে। এবং তাও অধিকাংশ সময়ে লোডশেডিং-এ চলে। উপজেলার অন্যান্য ইউনিয়ন ও গ্রামে বিদ্যুৎ সরবরাহ না থাকায় এলাকার কৃষকদের গভীর নলকূপ চালানোর অসুবিধা হচ্ছে। উপজেলা শহরের বিদ্যুৎ লাইনের অধিকাংশ খুঁটিই বাঁশের এবং কাঠের।